

## পেনশনার সঞ্চয়পত্র

পেনশনার সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ২০০৪ খ্রিঃ)

মূল্যমানঃ ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ ও ১০,০০,০০০ টাকা।

কোথায় পাওয়া যায়ঃ জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক শাখাসমূহ, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

মেয়াদঃ ৫ (পাঁচ) বছর।

মুনাফা হারঃ

সঞ্চয় স্কিমের নাম	ক্রয় সীমা	মেয়াদ (উত্তীর্ণ হলে)	সকল সঞ্চয় স্কিমে ক্রমপঞ্জীভূত বিনিয়োগ					
			১ হতে ১৫ লক্ষ টাকা পর্যন্ত		১৫ লক্ষ ১ হতে ৩০ লক্ষ টাকা পর্যন্ত		৩০ লক্ষ ১ টাকা হতে তদূর্ধ্ব	
			মুনাফার হার (%)	মুনাফার পরিমান (প্রতি এক লক্ষ টাকায়)	মুনাফার হার (%)	মুনাফার পরিমান (প্রতি এক লক্ষ টাকায়)	মুনাফার হার (%)	মুনাফার পরিমান (প্রতি এক লক্ষ টাকায়)
পেনশনার সঞ্চয়পত্র	একক নামে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা তবে আনুতোষিক ও সর্বশেষ ভবিষ্য তহবিল হতে প্রাপ্ত অর্থের বেশী নয়।	১ম বছরান্তে	৯.৭০	ত্রৈমাসিক: ২৪২৫	৮.৮৭	ত্রৈমাসিক: ২২১৭.৫	৮.০৪	ত্রৈমাসিক: ২০১০
		২য় বছরান্তে	১০.১৫	ত্রৈমাসিক: ২৫৩৭.৫	৯.২৮	ত্রৈমাসিক: ২৩২০	৮.৪২	ত্রৈমাসিক: ২১০৫
		৩য় বছরান্তে	১০.৬৫	ত্রৈমাসিক: ২৬৬২.৫	৯.৭৪	ত্রৈমাসিক: ২৪৩৫	৮.৮৩	ত্রৈমাসিক: ২২০৭.৫
		৪র্থ বছরান্তে	১১.২০	ত্রৈমাসিক: ২৮০০	১০.২৪	ত্রৈমাসিক: ২৫৬০	৯.২৯	ত্রৈমাসিক: ২৩২২.৫
		৫ম বছরান্তে	১১.৭৬	ত্রৈমাসিক: ২৯৪০	১০.৭৫	ত্রৈমাসিক: ২৬৮৭.৫	৯.৭৫	ত্রৈমাসিক: ২৪৩৭.৫

\*মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করলে উপরোক্ত হকে উল্লেখিত হারে মুনাফা প্রাপ্য হবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়ে থাকলে তা মূল টাকা হতে কর্তন করে সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করা হবে।

উৎসে করঃ পেনশনার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর কোন উৎসেকর কর্তন করা হয়না। ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

যারা ক্রয় করতে পারবেনঃ অবসরপ্রাপ্ত সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী, সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত মাননীয় বিচারপতিগণ, সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য এবং মৃত চাকুরিজীবীর পারিবারিক পেনশন সুবিধাভোগী স্বামী/স্ত্রী/সন্তান।

**ক্রয়ের ঊর্ধ্বসীমাঃ** একক নামে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা তবে আনুতোষিক ও সর্বশেষ ভবিষ্য তহবিল হতে প্রাপ্ত অর্থের বেশী নয়।

**অন্যান্য সুবিধাঃ**

(ক) ত্রৈমাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়

(খ) নমিনী নিয়োগ করা যায়।

(গ) সঞ্চয়পত্রের ক্রেতার মৃত্যুর পর নমিনী সাথে সাথেই অথবা মেয়াদ উত্তীর্ণের পর সঞ্চয়পত্র ভাঙ্গাতে পারেন।